7	Equity Share Capital	14.54	14.54	14.54	14.54	14.54	14.54	14.54	14.54	14.54	14.54
8	Earnings Per Share (of Rs. 10 each) Basic and Diluted EPS Rs.	6.01	0.64	0.88	8.75	2.79	6.22	0.69	0.87	9.08	2.92

Notes:

1. The above audited financials results of the Company for the quarter and year ended March 31, 2026 were reviewed and recommended by the Audit Committee and approved by the Board of Directors at their respective meetings held on 10th June, 2026.
2. The full format of Quarterly and Year ended Financial Results is available on the Company's website www.nagamills.com.

For and on behalf of the Board
Sd/-
K.S. KAMALAKANNAN
Chairman and Managing Director
(DIN 01601589)

Place : Dindigul
Date : June 10, 2026

গাজোল কলেজে দাদাগিরির প্রতিবাদে মারধর বিজেপির ছাত্র নেতাকে

গ্রেপ্তার দুই তৃণমূল ছাত্র নেতা





নিজস্ব প্রতিবেদন, মালদা: গাজোল কলেজে দাদাগিরির প্রতিবাদ করায় এক বিজেপির ছাত্র নেতাকে তুলে নিয়ে গিয়ে মারধর ছিনতাইয়ের অভিযোগে দুই তৃণমূল ছাত্র নেতাকে গ্রেপ্তার করল পুলিশ। গত মঙ্গলবার রাতে এই ঘটনার পর জখম বিজেপির ছাত্র সংগঠন অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের ওই কার্যকর্তাকে চিকিৎসার জন্য ভর্তি করানো হয় গাজোল সরকারি গ্রামীণ হাসপাতালে। এরপর বুধবার সকালে গাজোলে দুই তৃণমূল ছাত্র নেতার বিরুদ্ধেই লিখিত অভিযোগ দায়ের করেন আক্রান্ত ওই ছাত্র অভিযোগের পরিপ্রেক্ষিতে এদিন রাতেই দুই জনকে গ্রেপ্তার করে পুলিশ। বৃহস্পতিবার ধৃতদের মালদা আদালতে পেশ করেছে গাজোল থানার পুলিশ। এদিন বিষয়টি প্রকাশ্যে আসতেই ব্যাপক রাজনৈতিক শোরগোল পড়ে গিয়েছে। এই ঘটনায় দুই তৃণমূল ছাত্রনেতার বিরুদ্ধে কঠোর শাস্তির দাবি জানিয়েছেন, বিজেপির ছাত্র সংগঠন অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের অন্যান্য কার্যকর্তারা। যদিও তৃণমূলের ছাত্র পরিষদের প্রাক্তন সভাপতি প্রসূন রায় অবশ্য এই ঘটনার সম্পর্কে পরিষ্কার কিছু জানা নেই বলেই এড়িয়ে গিয়েছেন। পুলিশ সূত্রে জানা গিয়েছে, আহত ছাত্রের নাম অনিমেষ মণ্ডল (২৩)। তাঁর বাড়ি গাজোল থানার সলাইডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের আটিলা এলাকায়। ধৃত দুইজনের নাম শুভঙ্কর সাহা এবং রাজেশ রায়। তাদের বাড়ি গাজলের করলাভিটা এলাকায়। পুলিশকে অভিযোগে আক্রান্ত অনিমেষ জানিয়েছেন, তিনি গাজোল কলেজের পঞ্চম সেমিস্টারের পাস কোর্সে পাঠরত। দীর্ঘদিন ধরেই বিজেপির ছাত্র সংগঠন অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের একজন কার্যকর্তা। বিগত দিনে তৃণমূল ছাত্র পরিষদের ওই দুই নেতা গাজোল কলেজে এসে নানান ভাবে তাকে হেনস্তা করতো। এমনকি তার প্রতি ইভটিজিংও করা হতো। যদিও ওই দুইজন গাজোল কলেজে পড়াশোনা করে না। তারপরও ওদের দাদাগিরি দিনের পর দিন বেড়েই চলেছিল। এনিয়েই মাঝে মধ্যেই ওই দুইজন তৃণমূল ছাত্র পরিষদের নেতার সঙ্গে তার বচসা হতো। এরই মধ্যে গত মঙ্গলবার সন্ধ্যায় একটি কাছ থেকে বাড়ি ফেরার সময় ওই দুইজন তাকে সালাইডাঙা মোড়ের কাছে মোটরবাইকে তুলে নিয়ে গিয়ে গাজোল-বামনগোলা রাজ্য সড়কের আলতোল ফরেস্টে নিয়ে গিয়ে ব্যাপক মারধর করে। তাঁর কাছে থাকা আট হাজার টাকার নগদ এবং সোনার চেন ছিনিয়ে নেয়। এমনকি ব্লেড দিয়ে তাকে জখম করা হয়। সেই সময় কোনরকমে অন্ধকারের মধ্যে ওদের হাত থেকে পালিয়ে বেঁচে স্থানীয় কয়েকজনের সহযোগিতা নেই। পরে প্রাথমিক চিকিৎসার পর পুলিশে অভিযোগ জানানো হয়। এই ঘটনা প্রসঙ্গে বিজেপির ছাত্র সংগঠন অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের জেলার বিভাগ সংযোজক রূপচাঁদ শীল জানিয়েছেন, অন্যায় ভাবে তৃণমূল ছাত্র পরিষদের ওই দুই নেতা আমাদের এক কার্যকর্তার ওপর হামলা চালিয়েছে। যেহেতু গাজোল কলেজে মাঝেমধ্যে ওরা গিয়ে যাকে তাকে হেনস্থ করতো, তার প্রতিবাদ করেছিল অনিমেষ। তারপরেই রাজনৈতিক বদলা নিতেই এমন ঘটনা ঘটায়। আমরা এই ঘটনার তীব্র প্রতিবাদ জানাচ্ছি। এদিকে তৃণমূল ছাত্র পরিষদের মালদা জেলার প্রাক্তন সভাপতি প্রসূন রায় জানিয়েছেন, আসলে কি ঘটেছে সেই সম্পর্কে জানা নেই। পুলিশে যখন অভিযোগ হয়েছে তখন বিষয়টি প্রশাসন তদন্ত করে দেখবে। গাজোল থানার পুলিশ জানিয়েছে, ওই ছাত্রের লিখিত অভিযোগের পরিপ্রেক্ষিতে দুইজনকে গ্রেপ্তার করে ঘটনা তদন্ত শুরু করা হয়েছে।

অখলপুরে নতুন সেতু নির্মাণের সম্ভাবনা খতিয়ে দেখলেন বিধায়ক ডা. বিজন মুখার্জি



নিজস্ব প্রতিবেদন, জামুড়িয়া: এলাকার দীর্ঘদিনের দাবিপূরণের লক্ষ্যে অখলপুর সেতুর সামনে নতুন একটি সেতু নির্মাণের সম্ভাবনা ও প্রয়োজনীয়তা নিয়ে গুরুত্বপূর্ণ বৈঠক করলেন জামুড়িয়ার বিধায়ক ডা. বিজন মুখার্জি। বৃহস্পতিবার সংশ্লিষ্ট বিভাগের সেকশন ইঞ্জিনিয়ারকে সঙ্গে নিয়ে তিনি সম্ভাব্য নির্মাণস্থল পরিদর্শন করেন এবং প্রকল্পের বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করেন। স্থানীয় বাসিন্দাদের দীর্ঘদিনের দাবি ছিল এলাকায় একটি নতুন সেতু নির্মাণের। সাধারণ মানুষের যাতায়াতের সুবিধা এবং এলাকার যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের কথা মাথায় রেখেই এই উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানা গেছে। নতুন সেতু নির্মিত হলে এলাকার যোগাযোগ ব্যবস্থা আরও উন্নত হবে এবং নিত্যদিনের যাতায়াত অনেক সহজ হয়ে উঠবে বলে মনে করা হচ্ছে। এই প্রসঙ্গে বিধায়ক ডা. বিজন মুখার্জি বলেন, সংশ্লিষ্ট বিভাগের সহযোগিতায় দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে বলে তিনি আশাবাদী। এই গুরুত্বপূর্ণ প্রকল্প বাস্তবায়িত হলে এলাকার সার্বিক উন্নয়ন আরও ত্বরান্বিত হবে। পাশাপাশি তিনি এই প্রকল্প সফল করতে সকলের সহযোগিতা কামনা করেন। ডা. মুখার্জি আরও বলেন, তিনি জামুড়িয়ার মানুষের প্রত্যাশা পূরণ এবং এলাকার সার্বিক উন্নয়নের লক্ষ্য নিয়েই কাজ করছেন। বহু দশক ধরে জামুড়িয়া নানা ক্ষেত্রে বঞ্চনার শিকার হয়েছে। পানীয় জলের সমস্যা, বিদ্যুৎ পরিষেবা, রাস্তা ও পরিবহণ ব্যবস্থার উন্নয়ন এই সমস্ত বিষয়কে অগ্রাধিকার দিয়ে তিনি কাজ শুরু করেছেন। তাঁর বিশ্বাস, জনগণের সহযোগিতা পেলে এই লক্ষ্য পূরণ করা সম্ভব হবে। উল্লেখ্য, গত ২১ মে ডা. বিজন মুখার্জির নেতৃত্বে প্রথমবার এই স্থানের পরিদর্শন করা হয়েছিল। এরপর ফের সেকশন ইঞ্জিনিয়ারকে সঙ্গে নিয়ে পরিদর্শন করায় প্রকল্প বাস্তবায়নের বিষয়টি আরও গুরুত্ব পাচ্ছে বলে মনে করা হচ্ছে। বিধায়ক নির্বাচিত হওয়ার আগে এবং পরে জামুড়িয়ার উন্নয়ন নিয়ে যে প্রতিশ্রুতি তিনি দিয়েছিলেন, তা বাস্তবায়নের লক্ষ্যে তিনি সক্রিয়ভাবে কাজ করে চলেছেন।

মাটি কেটে ১০০ দিনের কাজের সূচনা জেলাশাসকের


নিজস্ব প্রতিবেদন, অণ্ডাল: পশ্চিম বর্ধমান জেলার অন্ডাল ব্লকের মদনপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত পালাশবন মৌজায় বৃহস্পতিবার ১০০ দিনের কাজের আওতায় গোয়ালা পুকুর পুনঃখনন প্রকল্পের শুভ সূচনা হল। এদিন জেলা শাসক স্বয়ং উপস্থিত থেকে মাটি কেটে প্রকল্পের কাজের আনুষ্ঠানিক সূচনা করেন। অনুষ্ঠানে প্রশাসনের অন্যান্য আধিকারিক, পঞ্চায়েত প্রতিনিধি-সহ এলাকার বহু বাসিন্দা উপস্থিত ছিলেন। প্রশাসন সূত্রে জানা গিয়েছে, প্রায় ৬ লক্ষ ৪৫ হাজার টাকা ব্যয়ে এই প্রকল্পের কাজ সম্পন্ন করা হবে। দীর্ঘদিন ধরে পুকুরটির সংস্কারের দাবি জানিয়ে আসছিলেন স্থানীয় বাসিন্দারা। পুনঃখননের ফলে জলাধারণ ক্ষমতা বৃদ্ধি পাবে এবং জল সংরক্ষণের ক্ষেত্রে উল্লেখযোগ্য সুবিধা মিলবে। পাশাপাশি কৃষিকাজ ও দৈনন্দিন প্রয়োজনে জল ব্যবহারের ক্ষেত্রেও উপকৃত হবেন এলাকার মানুষ। প্রশাসনের দাবি, ১০০ দিনের কাজের মাধ্যমে একদিকে যেমন গ্রামীণ এলাকায় কর্মসংস্থানের সুযোগ তৈরি হচ্ছে, অন্যদিকে জলাশয়গুলির পুনরুজ্জীবনের মাধ্যমে পরিবেশ ও কৃষি ব্যবস্থাও শক্তিশালী হচ্ছে। প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যেই সম্পূর্ণ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে বলে প্রশাসন সূত্রে জানা গিয়েছে। প্রকল্পের সূচনাকে ঘিরে স্থানীয় বাসিন্দাদের মধ্যেও উৎসাহ ও আশাবাদের পরিবেশ লক্ষ্য করা যায়।

যোগ ও ধ্যানের মাধ্যমে সুস্থ সমাজ গঠনের বার্তা এডিপিসি-র



নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর: সুস্থ শরীর ও শান্ত মনই সুস্থ সমাজ গঠনের প্রথম শর্ত। বর্তমান সময়ের ব্যস্ততা, মানসিক চাপ এবং প্রযুক্তিনির্ভর জীবনের ভিড়ে নিজেদের জন্য সময় বের করা যখন ক্রমশ কঠিন হয়ে উঠছে, তখন সেই গুরুত্বপূর্ণ বার্তাকে সামনে রেখেই শহিদ ভগত সিং স্টেডিয়ামে এক বিশেষ যোগ ও ধ্যান শিবিরের আয়োজন করল আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারেট। রাসপ্রিত সিং-এর তত্ত্বাবধানে আয়োজিত এই কর্মসূচিতে প্রায় ২০০ জন অংশগ্রহণ করেন। পূর্ব বিভাগের বিভিন্ন থানার পুলিশ আধিকারিক ও কর্মীদের পাশাপাশি এলাকার বিভিন্ন বয়সের ছেলে-মেয়েরাও উৎসাহের সঙ্গে যোগ দেন এই শিবিরে। শুধু আইনশৃঙ্খলা রক্ষা নয়, সুস্থ, সচেতন ও ইতিবাচক সমাজ গঠনের ক্ষেত্রেও পুলিশ প্রশাসনের এই উদ্যোগ বিশেষভাবে প্রশংসিত হয়েছে। নিয়মিত যোগব্যায়াম ও ধ্যান শরীরকে সুস্থ রাখার পাশাপাশি মানসিক প্রশান্তি, আত্মনিয়ন্ত্রণ এবং ইতিবাচক চিন্তাভাবনা গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে সফল এই কর্মসূচি আরও একবার মনে করিয়ে দিল, সুস্থ শরীর, সুস্থ মন আর সেই পথেই গড়ে ওঠে সুস্থ, সচেতন ও সুন্দর সমাজ।'

ইন্দাস থানায় পুলিশের যোগাসন কর্মসূচি



নিজস্ব প্রতিবেদন, ইন্দাস: আগামী একুশে জুন বিশ্ব যোগ দিবস তার আগেই এদিন সকালে বাঁকুড়া জেলার ইন্দাস থানা চত্বরে পুলিশ কর্মীরা যোগাসন কর্মসূচি করলেন। সিভিক পুলিশ থানার অন্যান্য পুলিশ কর্মী এবং বেশ কয়েকজন সমাজ সেবিকা নিয়ে যোগাসনে অংশগ্রহণ করেছেন ইন্দাস ভারপ্রাপ্ত আধিকারিক চয়ন কুমার ঘোষ। প্রত্যেকটি মানুষের উচিত যোগা করা। যোগা করলে শারীরিক ও মানসিক সুস্থতার বিকাশ, যোগ চর্চায় অংশগ্রহণ করে, নিয়মিত যোগ করলে সচেতনতা বৃদ্ধি পায়। যে কারণেই বর্তমান রাজ্য সরকার এই যোগা দিবস এর উপর বিশেষ গুরুত্ব দিয়েছে। তাই দিন সকালে ইন্দাস থানার পক্ষ থেকে এই যোগাসন কর্মসূচির আয়োজন করা হয়।

পশুপাখি কেনাবেচার হাট বাঁচাতে আন্দোলন বাঁকুড়ায়

নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া: বাংলার পশুপাখি কেনা বেচার হাটগুলি প্রাচীন কাল থেকে ঐতিহ্য বহন করে আসছে। রাজ্য পালাবদলের পর বিজেপি সরকার ক্ষমতায় আসার পরপরই গত ১৩ মে থেকে রাজ্যের সেই ঐতিহ্যবাহী পশুপক্ষীর হাটগুলি বন্ধ রাখার নির্দেশ জারি হয়েছে। ফলে গ্রামীন মানুষজন ভীষণ অসুবিধায় পড়েছেন। এই হাটগুলি পুনরায় যাতে চালু করা যায় তার দাবি জানিয়ে বুধবার বাঁকুড়া জেলা সংশ্লিষ্ট আধিকারিকের কাছে স্মারকলিপি জমা দিয়ে ডেপুটেশন দিল বাঁকুড়া জেলা পশুপক্ষী হাট বাঁচাও সমিতি। সংগঠনের পক্ষে আব্দুল আলী খাঁন ও দীলিপ কুণ্ডু বলেন, ভারতবর্ষে এই হাট চালু রয়েছে প্রাচীনকাল থেকে। সম্ভবত যখন মুদ্রার আবির্ভাব হয়নি তখন থেকে। বিনিময় প্রথার মাধ্যমে বেচাকেনা হতো। এখনও বহুক্ষেত্রে সেভাবেই বেচাকেনা হয়ে থাকে। এতে গ্রামীণ এলাকার বহু মানুষ উপকৃত হয়ে থাকেন। কিন্তু রাজ্যের নতুন সরকার ফরমান জারি করে হাট বন্ধ করে দিয়েছেন। আব্দুল আলী খান বলেন, পশুপাখি বেচাকেনা হাটে শুধু গরু মহিষ বেচাকেনা হয়ে থাকে তা নয়। এখানে হাঁস মুরগি থেকে ঝাঁটা ঝুড়ি, লাঙল, কোদাল, জামাকাপড়, শাকসবজি, মশলাপাতি সবকিছু পাওয়া যায়। এই হাট গুলিই গ্রামীণ অর্থনীতিকে বাঁচিয়ে রেখেছে। হাট বন্ধ থাকার ফলে হাজার হাজার কর্মসংস্থান নষ্ট হয়েছে। এর ফল ভোগ করতে হচ্ছে গ্রামের গরিব মানুষকে। সংগঠনের অন্যতম কর্মকর্তা দীলিপ কুণ্ডু বলেন, সামনে বর্ষায় কৃষি কাজে নামবে মানুষ। সেকারণে অনেকেই লাঙলের গরু কিনবে বা কেউ বিক্রি করে কমদামের কিম্বা কেউ আরও ভালো গরু বা মহিষ কিনবে। কারো দুটো ছাগল বা হাঁস মুরগি বিক্রি করে চাষের রসদ জোগাড় করবে। দীলিপ বাবু বাঁকুড়ার শুনুক পাহাড়ী হাটের উদাহরণ দিয়ে বলেন, এই পশুহাট হলো জঙ্গলমহলের ফুসফুস। তিনি বলেন, যারা সরকারে বসেছেন সেখানে এখানের প্রতিনিধিও রয়েছেন। তিনি নিশ্চিত জানেন এই হাটে গরিব মানুষ জঙ্গল থেকে খেজুর সহ নানা ফলমূল এনে বিক্রি করে দুটো কাঁচা পয়সার মুখ দেখেন। সেই পয়সায় হয়তো পরনের কাপড় কিম্বা ওষুধ কিনতে পারবেন। সেসব বন্ধ হয়ে গেছে। দীলিপ বাবুদের দাবি অবিলম্বে পশুপক্ষী হাট গুলি যাতে চালু করা হয় তার জন্য সরকারি নির্দেশিকা প্রত্যাহার করা হোক। প্রয়োজনে হাটের নিয়মকানুন পরিমার্জন করা যেতে পারে।

NOTICE

TO WHOM IT MAY CONCERN

I, Ritabrata Mukherjee, Director of JMD Diagnostics Pvt. Ltd. function under the brand name JMD diagnostics Centre, do hereby state that it needs to publish the annexed insertion in your newspaper as part of its closure compliance of JMD Diagnostic Centre, P335, CIT Road, Scheme VIM, Phoolbagan, Kolkata-700054 declaring that its service there at its no more available and the said unit will no longer be providing service under brand name JMD Diagnostics Centre due to change in management. Therefore we are surrendering our existing CE License No. 34251181 as advised by Department of Health, Government of West Bengal, Swasthya Bhawan.

For JMD Diagnostics Pvt. Ltd.
Date : 19.06.2026 Sd/-
Ritabrata Mukherjee
Director

ফর্ম নং আইএনসি - ২৬
(২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ অধীনে)
কেন্দ্রীয় সরকার
ইস্টার্ন রিজিওন, সমীপে
২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ১৩ এর উপধারা (৪) এবং ২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ এর সাব রুল (৫) এর ক্লজ (এ) বিষয় সম্পর্কিত

এবং

মেসার্স প্রেসকট ট্রেডার্স প্রা. লি. রেজিস্টার্ড অফিস ১০৪, সুবোধ গার্ডেন, পো - বাঁশদ্রোণী, কলকাতা - ৭০০০৭০, পশ্চিমবঙ্গ সম্পর্কিত

... আবেদনকারী


এতদ্বারা সাধারণের অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে, কোম্পানির ৮ জুন ২০২৬ তারিখে অতিরিক্ত সাধারণ সভায় গৃহীত বিশেষ প্রস্তাব অনুযায়ী কোম্পানির রেজিস্টার্ড অফিস "পশ্চিমবঙ্গ রাজ্য" থেকে "মহারাষ্ট্র রাজ্যে" স্থানান্তরের বিষয়টি কোম্পানির মেমোরান্ডাম অব অ্যাসোসিয়েশনের পরিবর্তনক্রমে নিশ্চিত করার উদ্দেশ্যে ২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ১৩ অধীনে কেন্দ্রীয় সরকার এর নিকট কোম্পানি এক আবেদন দাখিলের প্রস্তাব করছে।

কোনও ব্যক্তির কোম্পানির রেজিস্টার্ড অফিস প্রস্তাবিত স্থানান্তরের ফলে স্বার্থ ক্ষুন্ন হওয়ার আশঙ্কা থাকলে **এমসিএ-২১ পোর্টাল (www.mca.gov.in) বা বিনিয়োগকারীগণের ফর্মপূরণ** সাপেক্ষে বা হাতেহাতে বা রেজিস্টার্ড ডাকে স্বার্থের ধরন এবং আপত্তির কারণ হলফনামা দ্বারা সমর্থিত মতে রিজিওনাল ডিরেক্টরের ঠিকানায়, রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন, কলকাতা, কর্পোরেট ভবন, প্লট নং ৩এফ/১৬, অ্যাকশন এরিয়া-৩, প্রেমিসেস নং ০৫০৮৫২, আকন্দকেশরী, নিউটাউন, ৫ম তল, রাজারহাট, কলকাতা - ৭০০১৩৫ ঠিকানায় বিজ্ঞপ্তি প্রকাশের চৌদ্দ দিনের মধ্যে এবং একটি কপি কোম্পানির উপরে উল্লিখিত রেজিস্টার্ড অফিসে পাঠাতে পারেন।

প্রেসকট ট্রেডার্স প্রা. লি. এর পক্ষে
স্বা/-
সুস্মিত রায় বিশ্বাস
স্থান : কলকাতা ডিরেক্টর
তারিখ : ১৮.০৬.২০২৬ ডিন : ০১৭৯৩৯১৮

পশ্চিমবঙ্গ সরকার

পিতা-মাতা/অভিভাবকের অনুসন্ধানের জন্য বিজ্ঞপ্তি



শিশুটির বিবরণ

নাম: ঈশান হালদার, **জন্ম:** ০৯.১১.২০১৩, **লিঙ্গ:** পুরুষ, **প্রাপ্তির দিন:** ১১.০৬.২০২৬, **বর্তমান অবস্থান:** আশীর্বাদ বয়েজ হোম, হোপ কলকাতা ফাউন্ডেশন, ৫৩, উদয় শঙ্কর সরণি, কলকাতা-৭০০০৩৩, **উচ্চতা:** ১৪১ সে.মি.; **গায়ের রং:** বাদামী, **পরনের পোশাক:** সাদা ফুল হাতা জামার সাথে কালো প্যান্ট, **থানা ও তারিখ সহ জি.ডি.ই. নম্বর: থানা:** গল্ফগ্রীন; **জি.ডি.ই. নম্বর:** ৮১৫; **তারিখ:** ১১.০৬.২০২৬। **যোগাযোগের বিশদ বিবরণ:** ডিস্ট্রিক্ট চাইল্ড প্রোটেকশান ইউনিট, কলকাতা, **ঠিকানা:** শুভম বিল্ডিং (সপ্তম তল), ডি. এফ.-৯, সেক্টর -১, সল্টলেক সিটি, কলকাতা-৭০০০৬৪

আইসিএ-ডি ৯১৯ (৩)/২০২৬

টেট জটিলতা কাটাতে অর্ডিন্যান্সের দাবি

প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে স্মারকলিপি শিক্ষক মহাসংঘের

নিজস্ব প্রতিনিধি, বালুরঘাট: প্রাথমিক ও উচ্চ প্রাথমিক শিক্ষকদের শিক্ষক যোগ্যতা পরীক্ষা (টেট) উত্তীর্ণ হওয়ার বিষয়ে সুপ্রিম কোর্টের সাম্প্রতিক নির্দেশ কার্যকর হওয়াকে কেন্দ্র করে দেশজুড়ে এক জটিল পরিস্থিতির সৃষ্টি হয়েছে। এর ফলে কর্মরত শিক্ষকদের ভবিষ্যৎ চরম অনিশ্চয়তার মুখে পড়েছে। এই জটিলতার দ্রুত ও বাস্তবসম্মত সমাধানের দাবিতে এবার সরব হলো 'অখিল ভারতীয় রাষ্ট্রীয় শিক্ষক মহাসংঘ'(এবিআরএসএম)। সংগঠনের পক্ষ থেকে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী এবং প্রধানমন্ত্রীকে বিষয়টি অবহিত করতে এবং একটি বিশেষ অর্ডিন্যান্স জারির মাধ্যমে সমস্যার স্থায়ী সমাধানের দাবিতে দেশের প্রতিটি জেলায় জেলা শাসকদের মাধ্যমে স্মারকলিপি প্রদানের কর্মসূচি নেওয়া হয়েছে। সেই সর্বভারতীয় কর্মসূচির অংশ হিসেবেই বৃহস্পতিবার দক্ষিণ দিনাজপুর জেলাতেও শিক্ষক-শিক্ষিকাদের উদ্যোগে এক বিশাল বিক্ষোভ ও মিছিলের আয়োজন করা হয়। এদিন দুপুর প্রায় আড়াইটা নাগাদ বালুরঘাটের উচ্চ বিদ্যালয় মাঠ থেকে শতাধিক শিক্ষক-শিক্ষিকাকে নিয়ে একটি মিছিল জেলা শাসক দপ্তরের উদ্দেশ্যে রওনা দেয়। হাতে সংগঠনের পতাকা ও দাবি সম্বলিত ব্যানার নিয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে মিছিলটি জেলা শাসক কার্যালয়ের সামনে পৌঁছায়। সেখানে শিক্ষকদের দীর্ঘক্ষণ বিক্ষোভ প্রদর্শন করতে দেখা যায়। পরে সংগঠনের একটি প্রতিনিধি দল জেলা শাসকের হাতে তাঁদের মূল দাবি সম্বলিত একটি স্মারকলিপি তুলে দেন। এদিনের এই বিক্ষোভ কর্মসূচি চলাকালীন অখিল ভারতীয় রাষ্ট্রীয় শিক্ষক মহাসংঘের পশ্চিমবঙ্গ প্রদেশের যুগ্ম সম্পাদক বিশ্বরঞ্জন সরকার সুপ্রিম কোর্টের রায় এবং শিক্ষকদের অবস্থান স্পষ্ট করে সংবাদমাধ্যমের সামনে বক্তব্য রাখেন। তিনি বলেন, 'মহামান্য সুপ্রিম কোর্ট শিক্ষকদের ওপর টেট সংক্রান্ত একটি রায় দিয়েছে। যার ফলে ২০০১ বা তার আগেও যাঁরা নিযুক্ত হয়েছেন এবং এখনও কর্মরত রয়েছেন, তাঁদের সমস্ত শিক্ষকের ক্ষেত্রেই টেট বাধ্যতামূলক করার কথা বলা হয়েছে।' নেতৃত্বের দাবি, শিক্ষাক্ষেত্রে ২০০৯ সালের আরটিই অ্যাক্ট এবং ২০১০ সালের এনসিটিই-র নির্দেশিকাকে তাঁরা অবশ্যই মান্যতা দেন। কিন্তু ২০১০ সালের আগে বা এই নিয়মগুলি চালু হওয়ার আগে যাঁদের নিয়োগ বা অ্যাপয়েন্টমেন্ট হয়ে গিয়েছে, তাঁদের ক্ষেত্রে এই নিয়ম কার্যকর করা অত্যন্ত দুর্ভাগ্যজনক। তাই সরকারের কাছে তাঁদের স্পষ্ট দাবি, ২০১০ সালের আগে নিযুক্ত শিক্ষকদের এই টেটের বাধ্যবাধকতা থেকে যেন সম্পূর্ণ ছাড় দেওয়া হয়। বিশ্বরঞ্জন সরকার আরও জানান, দেশজুড়ে চলা এই জটিলতার কারণে দীর্ঘদিন ধরে কর্মরত হাজার হাজার শিক্ষক ও তাঁদের পরিবার গভীর উদ্বেগের মধ্যে দিন কাটাচ্ছেন। শিক্ষকদের এই উদ্বেগ দূর করতে এবং শিক্ষা ব্যবস্থার স্বাভাবিক পরিবেশ বজায় রাখতে কেন্দ্রীয় সরকারের দ্রুত হস্তক্ষেপ প্রয়োজন। তিনি বলেন, 'আমরা চাই কেন্দ্রীয় সরকার দ্রুত একটি অর্ডিন্যান্স (অধ্যাদেশ) জারি করে এই সমস্যার সম্পূর্ণ নিরসন ও সমাধান করুক।' সেই কারণেই জেলা শাসকের (ডিএম) মাধ্যমে দেশের প্রধানমন্ত্রী (পিএম) এবং কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীকে এই স্মারকলিপি পাঠানো হচ্ছে।

একই সাথে শিক্ষক সমাজের পক্ষ থেকে হুঁশিয়ারি দিয়ে জানানো হয়েছে, যদি দ্রুত তাঁদের এই ন্যায্য দাবি মেনে নেওয়া না হয়, তবে আগামী দিনে আন্দোলন আরও ব্যাপকরূপ ধারণ করবে। প্রয়োজনে রাজ্য স্তরে এবং দেশের রাজধানী দিল্লিতে গিয়েও এই বিষয়ে বড়সড় ধর্না ও আন্দোলনের পথ বেছে নিতে বাধ্য হবেন শিক্ষকরা। আপাতত কেন্দ্রীয় সরকারের ইতিবাচক সিদ্ধান্তের দিকেই তাকিয়ে রয়েছেন জেলার আন্দোলনকারী শিক্ষক সমাজ।

ফর্ম নং আইএনসি - ২৬
(২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ এবং ১৩(৪) ধারা অধীনে)
কোম্পানির রেজিস্টার্ড অফিস এক রাজ্য থেকে অন্য রাজ্যে স্থানান্তর
কেন্দ্রীয় সরকার অঞ্চল সমীপে
২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ১৩ এর উপধারা (৪) এবং ২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ এর সাব রুল (৫) এর ক্লজ (এ) বিষয় সম্পর্কিত

এবং

সি পি সি ইক্যুপমেন্টস প্রা. লি. (CIN: U29299WB1990PTC048716) রেজিস্টার্ড অফিস ৪০ নেতাজি সুভাষ রোড, কলকাতা - ৭০০০০১, পশ্চিমবঙ্গ সম্পর্কিত

... আবেদনকারী

এতদ্বারা সাধারণের অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে, কোম্পানির বুধবার ৩ জুন ২০২৬ তারিখে অতিরিক্ত সাধারণ সভায় গৃহীত বিশেষ প্রস্তাব অনুযায়ী কোম্পানির রেজিস্টার্ড অফিস **"পশ্চিমবঙ্গ রাজ্য"** থেকে **"ঝাড়খন্ড রাজ্যে"** স্থানান্তরের বিষয়টি কোম্পানির মেমোরান্ডাম অব অ্যাসোসিয়েশনের পরিবর্তনক্রমে নিশ্চিত করার উদ্দেশ্যে ২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ১৩ অধীনে কেন্দ্রীয় সরকার এর নিকট কোম্পানি এক আবেদন দাখিলের প্রস্তাব করছে।

কোনও ব্যক্তির কোম্পানির রেজিস্টার্ড অফিস প্রস্তাবিত স্থানান্তরের ফলে স্বার্থ ক্ষুন্ন হওয়ার আশঙ্কা থাকলে **এমসিএ-২১ পোর্টাল (www.mca.gov.in) বা বিনিয়োগকারীগণের ফর্মপূরণ** সাপেক্ষে বা হাতেহাতে বা রেজিস্টার্ড ডাকে স্বার্থের ধরন এবং আপত্তির কারণ হলফনামা দ্বারা সমর্থিত মতে রিজিওনাল ডিরেক্টর, কর্পোরেট ভবন, ৭ম তল, প্লট নং ৩এফ/১৬, এএ-৩এফ, রাজারহাট, নিউটাউন, আকন্দকেশরী, কলকাতা - ৭০০১৩৫, পশ্চিমবঙ্গ ঠিকানায় বিজ্ঞপ্তি প্রকাশের চৌদ্দ দিনের মধ্যে এবং একটি কপি কোম্পানির নিম্নে উল্লিখিত রেজিস্টার্ড অফিসে পাঠাতে পারেন :

৪০ নেতাজি সুভাষ রোড, কলকাতা - ৭০০০০১, পশ্চিমবঙ্গ

সি পি সি ইক্যুপমেন্টস প্রা. লি. এর পক্ষে
স্বা/-
অরুণ কুমার ছাউছারিয়া
স্থান : কলকাতা ডিরেক্টর
তারিখ : ১৯.০৬.২০২৬ ডিন : ০০৫৪৮৫৭৮

ফর্ম নং আইএনসি - ২৬
(২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ এবং ১৩(৪) ধারা অধীনে)
কোম্পানির রেজিস্টার্ড অফিস এক রাজ্য থেকে অন্য রাজ্যে স্থানান্তর
কেন্দ্রীয় সরকার অঞ্চল সমীপে
২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ১৩ এর উপধারা (৪) এবং ২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ এর সাব রুল (৫) এর ক্লজ (এ) বিষয় সম্পর্কিত

এবং

ওম ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস ইন্ডিয়া প্রা. লি. (CIN: U28991WB1996PTC081066) রেজিস্টার্ড অফিস ৪০ নেতাজি সুভাষ রোড, কলকাতা - ৭০০০০১, পশ্চিমবঙ্গ সম্পর্কিত

... আবেদনকারী

এতদ্বারা সাধারণের অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে, কোম্পানির সোমবার ১ জুন ২০২৬ তারিখে অতিরিক্ত সাধারণ সভায় গৃহীত বিশেষ প্রস্তাব অনুযায়ী কোম্পানির রেজিস্টার্ড অফিস **"পশ্চিমবঙ্গ রাজ্য"** থেকে **"ঝাড়খন্ড রাজ্যে"** স্থানান্তরের বিষয়টি কোম্পানির মেমোরান্ডাম অব অ্যাসোসিয়েশনের পরিবর্তনক্রমে নিশ্চিত করার উদ্দেশ্যে ২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ১৩ অধীনে কেন্দ্রীয় সরকার এর নিকট কোম্পানি এক আবেদন দাখিলের প্রস্তাব করছে।

কোনও ব্যক্তির কোম্পানির রেজিস্টার্ড অফিস প্রস্তাবিত স্থানান্তরের ফলে স্বার্থ ক্ষুন্ন হওয়ার আশঙ্কা থাকলে **এমসিএ-২১ পোর্টাল (www.mca.gov.in) বা বিনিয়োগকারীগণের ফর্মপূরণ** সাপেক্ষে বা হাতেহাতে বা রেজিস্টার্ড ডাকে স্বার্থের ধরন এবং আপত্তির কারণ হলফনামা দ্বারা সমর্থিত মতে রিজিওনাল ডিরেক্টর, কর্পোরেট ভবন, ৭ম তল, প্লট নং ৩এফ/১৬, এএ-৩এফ, রাজারহাট, নিউটাউন, আকন্দকেশরী, কলকাতা - ৭০০১৩৫, পশ্চিমবঙ্গ ঠিকানায় বিজ্ঞপ্তি প্রকাশের চৌদ্দ দিনের মধ্যে এবং একটি কপি কোম্পানির নিম্নে উল্লিখিত রেজিস্টার্ড অফিসে পাঠাতে পারেন :

৪০ নেতাজি সুভাষ রোড, কলকাতা - ৭০০০০১, পশ্চিমবঙ্গ

ওম ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস ইন্ডিয়া প্রা. লি. এর পক্ষে
স্বা/-
অরুণ কুমার ছাউছারিয়া
স্থান : কলকাতা ডিরেক্টর
তারিখ : ১৯.০৬.২০২৬ ডিন : ০০৫৪৮৫৭৮

নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস লিমিটেড
CIN : L92419WB1989PLC046487
রেজি. অফিস: "ঝিল মিল", সেক্টর ৪, সল্টলেক সিটি, কলকাতা- ৭০০ ১০৬
ফোন: (০৩৩) ৬৫২১ ৫৫১৮/০৪
ই-মেল: niccopark@niccoparks.com ওয়েবসাইট: www.niccoparks.com

ফিজিক্যাল শেয়ারের জন্য হস্তান্তর অনুরোধের পুনর্দাখিলের বিশেষ ব্যবস্থা

সেবি সার্কুলার নং এইচও/৩৮/১৩/১১(২)২০২৬-এমআইআরএসডি-পিওডি/১/৩৭৫০/২০২৬ তারিখ ৩০ জানুয়ারি ২০২৬ অনুযায়ী **"বিনিয়োগের সহজ ব্যবস্থা- ফিজিক্যাল শেয়ারের হস্তান্তর এবং ডিমেটেরিয়ালাইজেশন জন্য বিশেষ ব্যাবস্থা"** শীর্ষক নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস লি এর শেয়ারহোল্ডারগণ যারা ফিজিক্যাল আকারে শেয়ার ধারণ করেন তাদের অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে, **১(এক) বছরের জন্য ০৫ ফেব্রুয়ারি ২০২৬ থেকে ০৪ ফেব্রুয়ারি ২০২৭ তারিখ পর্যন্ত সময়ে বিশেষ ব্যবস্থা চালু থাকবে।** সংশ্লিষ্ট সুবিধা ফিজিক্যাল শেয়ারের হস্তান্তরের অনুরোধের দাখিল এবং ডিমেটেরিয়ালাইজেশন (ডিমাট) ক্ষেত্রে যেগুলি ১ এপ্রিল ২০১৯ তারিখের পূর্বে ক্রয়/বিক্রয় করা হয়েছিল কিন্তু নথির অপ্রতুলতা, প্রক্রিয়া বা অন্যান্য কারণে বাতিল বা ফেরত হয়েছিল তার সম্পাদন করা হবে।

বিশেষ ব্যবস্থায় হস্তান্তরিত শেয়ারসমূহ আবশ্যিকভাবে ডিমেটেরিয়ালাইজ (ডিমাট) আকারে জমা হবে এবং হস্তান্তর নথিভুক্তির পর ১(এক) বছরের মেয়াদে সেগুলি লক ইন সাপেক্ষ হিসেবে থাকবে। উক্ত লক ইন সময়ে সংশ্লিষ্ট শেয়ারসমূহ হস্তান্তর/লিয়েন-মার্কড/দায়বদ্ধ করা যাবে না। উল্লিখিত সময়ে উপযুক্ত শেয়ারহোল্ডারগণ স্থানান্তর অনুরোধ প্রয়োজনীয় নথি সহ কোম্পানি বা রেজিস্ট্রার এবং শেয়ার হস্তান্তর এজেন্ট (আরটিএ) এর নিকট নির্ধারিত সময়ে দাখিল করতে পারেন। পুনর্দাখিল প্রক্রিয়া সংক্রান্ত জিজ্ঞাসা বা সহায়তার জন্য অনুগ্রহ করে যোগাযোগ করুন :

শ্রী অঙ্কিত কুমার ভরদ্বাজ কোম্পানি সেক্রেটারি অ্যান্ড কমপ্লায়েন্স অফিসার নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস লি, 'ঝিল মিল', সেক্টর -৪, সল্ট লেক সিটি, কলকাতা -৭০০১০৬। ফোন : ০৩৩ ৬৫২১ ৫৫১৮/৫৫০৪ ই-মেল : ankit@niccoparks.com	আর অ্যান্ড ডি ইনফোটেক প্রা. লি. রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) ১৫/সি, নরেশ মিত্র সরণি (পূর্বতন বেলতলা রোড) কলকাতা - ৭০০ ০২৬ ফোন : ০৩৩ ২৪১৯ ২৬৪১/২৬৪২ ইমেল : info@rdinfotech.net

নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস লিমিটেড -এর পক্ষে
স্বা/-
অঙ্কিত কুমার ভরদ্বাজ
স্থান : কলকাতা কোম্পানি সেক্রেটারি এবং
তারিখ : ১৮.০৬.২০২৬ কমপ্লায়েন্স অফিসার

লাডলো জুট অ্যান্ড স্পেশালিটিজ লিমিটেড
রেজিস্টার্ড অফিস: কাঁকারিয়া এস্টেট, ৬ষ্ঠ তল, ৬, লিটল রাসেল স্ট্রিট, কলকাতা- ৭০০০৭১, ভারত **CIN: L65993WB1979PLC032394** ফোন : ৯১-৩৩-২২৮৮-০০৬৪
ইমেল: info@ludlowjute.com **ওয়েবসাইট:** www.ludlowjute.com
শেয়ারহোল্ডারগণের প্রতি বিজ্ঞপ্তি

ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড (আইইপিএফ) -এ ইকুইটি শেয়ার স্থানান্তর

সংশ্লিষ্ট নোটিশ প্রকাশিত ২০১৩ সালের কোম্পানি আইন সংস্থান তৎসহ পঠিত ২০১৬ সালের ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড অথরিটি (অ্যাকাউন্টিং, অডিট, ট্রান্সফার অ্যান্ড রিফান্ড) রুলস (দা রুলস) কর্পোরেট বিষয়ক মন্ত্রক কর্তৃক জারি করা কার্যকর ৭ সেপ্টেম্বর ২০১৬ এবং পরবর্তী সংশোধনী মতে।

অন্যান্য বিষয়ের সাথে, নিয়মগুলি কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রতিষ্ঠিত ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড (আইইপিএফ) -এ শেয়ারহোল্ডারদের দ্বারা টানা সাত বছর বা তার বেশি সময় ধরে অপ্রদেয় বা দাবিহীন অবস্থায় থাকা ইকুইটি শেয়ার স্থানান্তরের ব্যবস্থা করে। সুতরাং, কোম্পানি ৪ অক্টোবর, ২০২৬ তারিখে বা তার আগে নিয়ম অনুসারে আইইপিএফ-এ স্থানান্তরিত হওয়ার জন্য দায়বদ্ধ সমস্ত শেয়ারহোল্ডারদের তাদের সর্বশেষ উপলব্ধ ঠিকানায় পৃথক নোটিশ পাঠিয়েছে। কোম্পানি তার ওয়েবসাইটে উক্ত শেয়ারহোল্ডারদের এবং আইইপিএফ-এ স্থানান্তরের জন্য তাদের শেয়ারের বিবরণ আপলোড করেছে।

এতদ্বারা সকল শেয়ারহোল্ডারদের বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, তারা ৪ সেপ্টেম্বর, ২০২৬ তারিখের মধ্যে কোম্পানি/রেজিস্ট্রারের কাছে আবেদন করবেন, বিশেষ করে ২০১৮-১৯ আর্থিক বছরের জন্য, যাতে উক্ত শেয়ার আইইপিএফ-এ স্থানান্তরিত না হয়। অনুগ্রহ করে মনে রাখবেন যে, যদি উক্ত শেয়ারগুলি আইইপিএফ-এ স্থানান্তরিত না হয়, তাহলে কোম্পানি পরবর্তী কোনও নোটিশ ছাড়াই উক্ত শেয়ারগুলি আইইপিএফ-এ স্থানান্তর করবে। সংশ্লিষ্ট শেয়ারহোল্ডাররা, যাদের বাস্তব আকারে শেয়ার রয়েছে এবং যাদের শেয়ার আইইপিএফ-এ স্থানান্তরিত হওয়ার যোগ্য, তারা মনে রাখবেন যে, কোম্পানি নিয়ম অনুসারে আইইপিএফ-এ শেয়ার স্থানান্তরের উদ্দেশ্যে তাদের ধারণকৃত মূল শেয়ার সার্টিফিকেটের পরিবর্তে ডুপ্লিকেট শেয়ার সার্টিফিকেট জারি করবে এবং এই ধরনের ইস্যুর পর, তাদের কাছে থাকা সার্টিফিকেট(গুলি) স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং আলোচনা অযোগ্য বলে বিবেচিত হবে। শেয়ারহোল্ডাররা কোম্পানির ওয়েবসাইটে আপলোড করা তথ্যগুলিকে আইইপিএফ-এ শেয়ার স্থানান্তরের উদ্দেশ্যে কোম্পানি কর্তৃক ডুপ্লিকেট শেয়ার সার্টিফিকেট(গুলি) ইস্যু করার নোটিশ হিসেবে বিবেচনা করতে পারেন। যদি শেয়ারগুলি ইলেকট্রনিক মোডে রাখা হয়, তাহলে আইইপিএফ-এ স্থানান্তরের জন্য দায়বদ্ধ শেয়ারের জন্য ডিম্যাট অ্যাকাউন্ট থেকে টাকা কেটে নেওয়া হবে।

এটাও মনে রাখতে হবে যে আইইপিএফ-এ স্থানান্তরিত শেয়ার, যার মধ্যে এই ধরনের শেয়ারের উপর অর্জিত সমস্ত সুবিধা, যদি থাকে, নিয়ম অনুসারে নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে আইইপিএফ কর্তৃপক্ষের কাছ থেকে ফেরত দাবি করা যেতে পারে।

বিষয়টি সম্পর্কে যেকোনো স্পষ্টতার জন্য, অনুগ্রহ করে কোম্পানির রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট, মেসার্স এমসিএস শেয়ার ট্রান্সফার এজেন্ট লিমিটেড, ৩৮৩, লেক গার্ডেনস, ২য় তল, কলকাতা ৭০০০৪৫-এর সাথে যোগাযোগ করুন **টেলিফোন :** ০৩৩-৪০৭২৪০৫১ এবং ৪০৫৩, ৪০৫৪, **ফ্যাক্স :** ০৩৩-৪০৭২৪০৫০ **ইমেল :** helpdeskkol@mcsregistrars.com অথবা উপরে প্রদর্শিত ঠিকানায় নিম্ন স্বাক্ষরকারীর নিকট ইমেল cs@ludlowjute.com

লাডলো জুট অ্যান্ড স্পেশালিটিজ লি.-এর পক্ষে
কলকাতা নেহা জৈন
১৯ জুন ২০২৬ কোম্পানি সেক্রেটারি

ডিএআর ক্রেডিট অ্যান্ড ক্যাপিটাল লি.
CIN L65999WB1994PLC064438
রেজি. অফিস : বিজনেস টাওয়ার, ২০৬ এজেসি বোস রোড, ৭ম তল, ইউনিট নং ৬বি কলকাতা - ৭০০০১৭, পশ্চিমবঙ্গ, ভারত ফোন : ০৩৩ ৪০৬৪৬৪৯৫
ইমেল : co.secretary@darcredit.com, ওয়েবসাইট : www.darcredit.com

ভিডিও কনফারেন্সিং/আদার অডিও-ভিজ্যুয়াল মিনস মাধ্যমে অনুষ্ঠিতব্য ৩২তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

১. এতদ্বারা বিজ্ঞাপিত হচ্ছে যে, দার ক্রেডিট অ্যান্ড ক্যাপিটাল লিমিটেড (কোম্পানি)এর ৩২তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) শুক্রবার ১৭ জুলাই ২০২৬ তারিখে বিকেল ৩ টায় ভিডিও কনফারেন্সিং (ভিসি)/অন্যান্য অডিও ভিস্যুয়াল মিনস (ওএভিএম) মাধ্যমে এজিএম আহ্বায়ক নোটিশে উল্লিখিত বিষয়সমূহ সম্পাদনের জন্য অনুষ্ঠিত হবে যা অবগত করা হবে। সংশ্লিষ্ট বিষয় ২০১৩ সালের কোম্পানি আইনের প্রযোজ্য সংস্থান এবং রুল অধীনে এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ (সেবি লিস্টিং রেগুলেশনস) তৎসহ পঠিত এমসিএ সার্কুলার নং ০৩/২০২৫ তারিখ ২২ সেপ্টেম্বর, ২০২৫ তৎসহ পূর্বের সার্কুলার ইস্যুকৃত সংশ্লিষ্ট বিষয়ে অনুযায়ী (যৌথভাবে) এমসিএ সার্কুলার সমূহ) অনুযায়ী।

২. উপরে উল্লিখিত সার্কুলারসমূহ মেনে, ২০২৫-২৬ অর্থবছরের জন্য কোম্পানির বার্ষিক সাধারণ সভার (এজিএম) বিজ্ঞপ্তি এবং বার্ষিক প্রতিবেদন ("বার্ষিক প্রতিবেদন") শুধুমাত্র সেইসব সদস্যদের কাছে ইলেকট্রনিক মাধ্যমে পাঠানো হবে যাদের ইমেল আইডি কোম্পানি / রেজিস্ট্রার ও ট্রান্সফার এজেন্ট / ডিপোজিটরি-র কাছে নিবন্ধিত আছে। উক্ত নথিপত্রগুলি কোম্পানির ওয়েবসাইট (www.darcredit.com), স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট; অর্থাৎ ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (এনএসই লিমিটেড) -এর ওয়েবসাইট (www.nseindia.com); এবং এনএসডিএল -এর ওয়েবসাইট (www.evoting.nsdl.com)-এও পাওয়া যাবে; উল্লেখ্য যে, এনএসডিএল হলো কোম্পানি কর্তৃক নিযুক্ত সংস্থা যারা দূরবর্তী ই-ভোটিং সুবিধা প্রদান করছে।

৩. যেসব সদস্য ডিম্যাটেরিয়ালাইজড পদ্ধতিতে শেয়ার ধারণ করছেন এবং কোম্পানি / রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট ("আরটিএ")-এর কাছে তাদের ইমেল আইডি নিবন্ধন বা হালনাগাদ করেননি, তাদের অনুরোধ করা হচ্ছে যেন তারা সংশ্লিষ্ট ডিপোজিটরি পার্টিসিপেন্ট -এর কাছে তাদের ইমেল আইডি নিবন্ধন বা হালনাগাদ করে নেন, যাদের কাছে তাদের ডিম্যাট অ্যাকাউন্টটি রয়েছে।

৪. ই-ভোটিং-এর মাধ্যমে ভোট প্রদানের পদ্ধতি :

(ক) সদস্যরা বার্ষিক সাধারণ সভার (এজিএম) বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিষয়সূচির ওপর ইলেকট্রনিক ভোটিং বা 'ই-ভোটিং' পদ্ধতির মাধ্যমে ভোট প্রদানের সুযোগ পাবেন।

(খ) ডিম্যাটেরিয়ালাইজড পদ্ধতিতে শেয়ার ধারণকারী সদস্য এবং যাদের ইমেইল আইডি নিবন্ধিত নয়, তাদের জন্য দূরবর্তী স্থান থেকে ভোট প্রদান ('রিমোট ই-ভোটিং') এবং বার্ষিক সাধারণ সভায় ই-ভোটিং-এর পদ্ধতিটি সভার বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

(গ) বার্ষিক সাধারণ সভায়ও ই-ভোটিং-এর সুবিধা থাকবে; সভায় অংশগ্রহণকারী যেসব সদস্য আগে 'রিমোট ই-ভোটিং'-এর মাধ্যমে ভোট দেননি, তারা সভার সময় ই-ভোটিং-এর মাধ্যমে ভোট দিতে পারবেন।

(ঘ) ই-ভোটিং-এর মাধ্যমে ভোট প্রদানের জন্য প্রয়োজনীয় লগ-ইন তথ্য সদস্যদের ইমেইলের মাধ্যমে সরবরাহ করা হবে। যেসব সদস্য ইমেইল বা লগ-ইন তথ্য পাননি অথবা যাদের ইমেইল আইডি কোম্পানি বা ডিপোজিটরি পার্টিসিপ্যান্টের কাছে নিবন্ধিত নয়, তারা সভার বিজ্ঞপ্তিতে প্রদত্ত নির্দেশাবলী অনুসরণ করে লগ-ইন তথ্য তৈরি বা সংগ্রহ করতে পারবেন। একই লগ-ইন তথ্য ব্যবহার করে ভিসি/ওএভিএম মাধ্যম এর সাহায্যে বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করা যাবে।

৫. রেকর্ড তারিখ এবং চূড়ান্ত লভ্যাংশ প্রদান :
কোম্পানি ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত অর্থবছরের জন্য প্রতিটি ১০ টাকা অভিহিত মূল্যের (ফেস ভ্যালু) ইকুইটি শেয়ারের বিপরীতে ০.৫০ টাকা হারে চূড়ান্ত লভ্যাংশ প্রদানের লক্ষ্যে যোগ্য শেয়ারহোল্ডারদের নাম নির্ধারণের জন্য ২৩ জুন, ২০২৬ (মঙ্গলবার)-কে 'রেকর্ড তারিখ' হিসেবে নির্ধারণ করেছে। তবে এই লভ্যাংশ প্রদান কোম্পানির আসন্ন ৩২তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদনের সাপেক্ষে কার্যকর হবে। পরিচালনা পর্ষদ কর্তৃক সুপারিশকৃত চূড়ান্ত লভ্যাংশ যদি বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত হয়, তবে তা সভা-পরবর্তী সময়ে উৎসে কর কর্তন সাপেক্ষে প্রদান বা প্রেরণ করা হবে।
সেবি -এর নির্দেশনা অনুযায়ী, সিকিউরিটি হোল্ডারদের লভ্যাংশ শুধুমাত্র ইলেকট্রনিক পদ্ধতিতে প্রদান করা হবে এবং এক্ষেত্রে সংশ্লিষ্ট ফোলিও-টি অবশ্যই কেওয়াইসি নিয়ম মেনে পরিচালিত হতে হবে। ডিভিডেন্ড ওয়ারেন্ট বা চেকের মাধ্যমে লভ্যাংশ প্রদানের ব্যবস্থা বন্ধ করা হয়েছে।

৬. ই-মেইল নিবন্ধন এবং ব্যাংক অ্যাকাউন্টের তথ্য হালনাগাদ :
যেসব সদস্যের ই-মেইল ঠিকানা নিবন্ধিত নয় এবং/অথবা যারা ইলেকট্রনিক রেমিট্যান্সের মাধ্যমে সরাসরি ব্যাংক অ্যাকাউন্টে লভ্যাংশ গ্রহণের জন্য তাদের ব্যাংক অ্যাকাউন্টের তথ্য হালনাগাদ করেননি, তাদের নিচে বর্ণিত পদ্ধতি অনুসরণ করার জন্য অনুরোধ করা হচ্ছে :

ডিমাট হোল্ডিং	নথিভুক্তিকরণ/হালনাগাদ ব্যাঙ্ক অ্যাকাউন্ট বিস্তারিত আপনার সংশ্লিষ্ট ডিপি সহ ডিপি দ্বারা নির্ধারিত নিম্নোক্ত প্রক্রিয়া মাধ্যমে।

উপরোক্ত তথ্যটি কোম্পানির সকল সদস্যের অবগতি ও সুবিধার্থে প্রকাশ করা হচ্ছে এবং এটি সময়ে সময়ে সংশোধিত এমসিএ ও সেবি-র নির্দেশিকা বা সার্কুলারসমূহ মেনে চলার অংশ হিসেবে জারি করা হয়েছে।

ডিরেক্টর বোর্ডের পক্ষে
ডিএআর ক্রেডিট অ্যান্ড ক্যাপিটাল লি.
স্বা/-
তারিখ : ১৭.০৬.২০২৬ প্রিয়া কুমারী
স্থান : কলকাতা কোম্পানি সেক্রেটারি অ্যান্ড কমপ্লায়েন্স অফিসার

জয়শ্রী নির্মাণ লিমিটেড
রেজি. অফিস ১, ব্রিটিশ ইন্ডিয়া স্ট্রিট, ৬ষ্ঠ তল, রুম নং-৫০৩, কলকাতা - ৭০০ ০৬৯
ই-মেল : jayshreenirmanlimited@gmail.com| ফোন : ০৩৩-২২৪৮৮১৪৯
CIN -L4520WB1992PLC054157

৩৪তম বার্ষিক সাধারণ সভা এবং রিমোট ই-ভোটিং তথ্যের বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, কোম্পানির ৩৪তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) **মঙ্গলবার, ১৪ জুলাই ২০২৬ তারিখ দুপুর ১২.৩০ টায় ভিডিও কনফারেন্সিং (ভিসি) বা অন্যান্য অডিও-ভিজ্যুয়াল মিনস (ওএভিএম)** মাধ্যমে অনুষ্ঠিত হবে সদস্যগণের শারীরিক উপস্থিতি ব্যতীত, কোম্পানি আইন, ২০১৩ এবং এর অধীনে প্রণীত নিয়ম, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ (সেবি এলওডিআর) এর প্রযোজ্য বিধান অনুসারে, বার্ষিক সাধারণ সভার নোটিশে বর্ণিত ব্যবসা পরিচালনার জন্য কর্পোরেট বিষয়ক মন্ত্রণালয় এবং সেবি কর্তৃক জারি করা প্রাসঙ্গিক সার্কুলার অনুসারে। বার্ষিক সাধারণ সভার জন্য প্রক্সি নিয়োগের সুবিধা উপলব্ধ থাকবে না এবং তাই, প্রক্সি ফর্ম এবং উপস্থিতি স্লিপ সংযুক্ত করার প্রয়োজনীয়তা এখানে বাতিল করা হয়েছে এবং এজিএমের নোটিশের সাথে সংযুক্ত করা হয়নি।

এমসিএ সার্কুলার এবং সেবি সার্কুলার অনুসারে, কোম্পানি বা তার রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) অথবা তাদের নিজ নিজ ডিপোজিটরি অংশগ্রহণকারীদের সাথে তাদের ইমেল ঠিকানা নিবন্ধিত সদস্যদের কাছে এজিএমের নোটিশ এবং লগইন বিশদ ১৮ জুন ২০২৬ তারিখে ইলেকট্রনিক মোডে পাঠানো হয়েছে। এজিএম চলাকালীন রিমোট ইলেকট্রনিক ভোটিং বা ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে ভোটদানে অংশগ্রহণের পদ্ধতি এবং সভায় যোগদানের নির্দেশাবলী সভার নোটিশে দেওয়া হয়েছে। কোম্পানি আইন ২০১৩ এর ধারা ১০৩ এর অধীনে কোরাম নিশ্চিত করার উদ্দেশ্যে ভিসি বা ওএভিএমের মাধ্যমে উপস্থিত সদস্যদের উপস্থিতি গণনা করা হবে। এজিএমের নোটিশ কোম্পানির ওয়েবসাইট **www.jayshreenirman.com** এবং সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেডের ওয়েবসাইট **https://www.evotingindia.com**-এও পাওয়া যাবে।

এই বিষয়ে, সদস্যদের অবহিত করা হচ্ছে যে :

ক) কোম্পানি ১৮ জুন ২০২৬ তারিখে ৩৪তম এজিএম নোটিশ এবং ২০২৫-২০২৬ সালের বার্ষিক প্রতিবেদন প্রেরণ সম্পন্ন করেছে।

খ) বৈদ্যুতিন মাধ্যমে রিমোট ই-ভোটিং ১১ জুলাই ২০২৬ শনিবার সকাল ৯টা থেকে শুরু হবে এবং সোমবার ১৩ জুলাই ২০২৬ বিকাল ৫টায় শেষ হবে।

গ) ই-ভোটিং এর জন্য শেষ তারিখ মঙ্গলবার, ৭ জুলাই ২০২৬।

ঘ) দূরবর্তী ই-ভোটিং এর মাধ্যমে ভোটদানকারী সদস্য বার্ষিক সাধারণ সভার অনুষ্ঠানে যোগদানের যোগ্য হবেন তবে পুনরায় ভোটদানের অধিকারী হবেন না। ভোটদানের পর, সদস্য পরবর্তীতে এটি পরিবর্তন করতে পারবেন না।

ঙ) যদি বার্ষিক সাধারণ সভা চলাকালীন ই-ভোটিং পদ্ধতির মাধ্যমে শেয়ারহোল্ডারদের দ্বারা কোন ভোট প্রদান করা হয় এবং যদি একই শেয়ারহোল্ডাররা ভিসি/ওএভিএম সুবিধার মাধ্যমে সভায় অংশগ্রহণ না করে থাকেন, তাহলে উক্ত শেয়ারহোল্ডারদের দ্বারা প্রদত্ত ভোট বাতিল বলে গণ্য হবে কারণ সভা চলাকালীন ই-ভোটিং পদ্ধতি শুধুমাত্র সভায় উপস্থিত শেয়ারহোল্ডারদের জন্য উপলব্ধ।

চ) সদস্যরা নোটিশে উল্লিখিত পদ্ধতি অনুসরণ করে সভা শুরুর নির্ধারিত সময়ের ১৫ মিনিট আগে এবং পরে ভিসি/ওএভিএম মোডে বার্ষিক সাধারণ সভায় যোগদান করতে পারবেন।

ছ) আইনের ধারা ১০৮ এর বিধান অনুসারে, নিয়মাবলী সহ পঠিত, অনুশীলনকারী কোম্পানি সচিব (সিপি নং ১৪০২৩) শ্রীমতী কৃতি দাগাকে দূরবর্তী ই-ভোটিং প্রক্রিয়া এবং সভা চলাকালীন ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে প্রদত্ত ভোট সুষ্ঠু ও স্বচ্ছভাবে যাচাই করার জন্য যাচাইকারী হিসেবে নিযুক্ত করা হয়েছে।

জ) বৈদ্যুতিন মাধ্যমে ভোটদানের সুবিধা সম্পর্কিত সমস্ত অভিযোগ শ্রী রাকেশ দলভি, সিনিয়র ম্যানেজার, (সিডিএসএল) সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড, এ উইং, ২৬ তম তল, ম্যারাথন ফিউচারেক্স, মাফতলাল মিল কম্পাউন্ডস, এনএম জোশী মার্গ, লোয়ার পারেল (পূর্ব), মুম্বই - ৪০০০১৩-এর ঠিকানায় পাঠাতে পারেন অথবা **helpdesk.evoting@cdslindia.com** অথবা টোল ফ্রি নম্বর ১৮০০ ২২ ৫৫ ৩৩-এ ইমেল পাঠাতে পারেন। সদস্যরা **jayshreenirmanlimited@gmail.com**-এও কোম্পানির সাথে যোগাযোগ করতে পারেন।

ডিরেক্টর বোর্ডের আদেশক্রমে
স্বা/-
তারিখ : ১৮.০৬.২০২৬ সৌরভ ব্যানার্জি
স্থান : কলকাতা কোম্পানি সেক্রেটারি এবং কমপ্লায়েন্স অফিসার